

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাণীশংকৈল, ঠাকুরগাঁও
www.ranisankail.thakurgaon.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৯৪৮৬.০০০.১৮.০৫১.২৩-১১

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৯ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয় : পাথরকালি মিলন-মেলা বন্ধে আইন-শৃঙ্খলায় নিয়োজিত বাহিনীর নিরাপত্তা জোরদার ও ফোর্স মোতায়েন প্রসঙ্গে।
সূত্র : জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়, ঠাকুরগাঁও, স্মারক নং-০৫.৫৫.৯৪০০.০২০.০২.০০১.২৩-২০৪ তারিখ: ২৮/১১/২০২৩

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাণীশংকৈল উপজেলাধীন গোবিন্দপুর ও কৌচাল ক্যাম্প সংলগ্ন পাথরকালি মন্দিরে পহেলা ডিসেম্বর ২০২৩ তারিখ রোজ শুক্রবার ভারতীয় বিএসএফ এর কঠোর নিষেধাজ্ঞা থাকার কারণে এ বছর পাথরকালি মিলন-মেলা অনুষ্ঠিত হচ্ছে না। তাই মিলন-মেলায় গমনকারী জনগণের চলাচল নিয়ন্ত্রনে এ উপজেলার ১, দিয়ানপুর/ভাইরেকশন মোড় ২, গোগর চৌরাস্তা মোড় ৩, আবাদ তাকিয়া মোড় ৪, রাউতনগর মোড় ও ৫, ঢেকপোস্ট মোড় ধর্মগড়ে কঠোর নিরাপত্তা জোরদার করার জন্য আইন-শৃঙ্খলায় নিয়োজিত বাহিনীর অবস্থান নিশ্চিত ও প্রয়োজনীয় সংখ্যক ফোর্স মোতায়েন করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

উপজেলা আনসার ডিভিপি অফিসার
রাণীশংকৈল, ঠাকুরগাঁও

- প্রতিটি স্পটে ৪ (চার) জন করে পুরুষ আনসার ও ১ (এক) জন করে মহিলা আনসার সদস্যসহ ৫টি স্পটে মোট ২৫ জন আনসার পুলিশের সাথে ০১/১২/২০২৩ তারিখ রোজ শুক্রবার ভোর ৫.০০ টা থেকে দায়িত্ব পালনের বিষয়টি নিশ্চিত করবেন।
- বিধি মোতাবেক প্রত্যেকে ভাতাদি প্রাপ্য হবেন।

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- (১) জেলা প্রশাসক, ঠাকুরগাঁও
- (২) পুলিশ সুপার, ঠাকুরগাঁও
- (৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাণীশংকৈল, ঠাকুরগাঁও
- (৪) মেয়র, রাণীশংকৈল পৌরসভা, ঠাকুরগাঁও
- (৬) চেয়ারম্যান (সকল ইউনিয়ন পরিষদ), রাণীশংকৈল, ঠাকুরগাঁও
- (৫) অফিস কপি


মোঃ রকিবুল হাসান
উপজেলা নির্বাহী অফিসার
রাণীশংকৈল, ঠাকুরগাঁও
☎ ০২৫৮৯৯৩৩৬৬৫
✉ ranisankail@upga.gov.bd


উপজেলা নির্বাহী অফিসার
রাণীশংকৈল, ঠাকুরগাঁও